

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ২৭, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
সিআর-৩ শাখা

পরিপত্র

তারিখ : ১১ শ্রাবণ, ১৪৩০/২৬ জুলাই, ২০২৩

বিষয় : 'গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০' এর ৪.৫.৬ নং অনুচ্ছেদে বিরূপ মন্তব্য  
বহালের মেয়াদ সংশোধন।

নং ০৫.০০.০০০০.১০২.২২.০০১.১৬(অংশ-২)-৪১—উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো  
যাচ্ছে যে, বিরূপ মন্তব্যের গুরুত্ব অনুযায়ী বহালের মেয়াদ যৌক্তিকভাবে নির্ধারণের প্রয়োজনে  
'গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০' এর ৪.৫.৬ নং অনুচ্ছেদ নিম্নরূপভাবে সংশোধন করা  
হলো :

“সততা ও সুনাম সম্পর্কিত বিরূপ মন্তব্য বহালের ক্ষেত্রে তা বহালের তারিখ হতে সর্বোচ্চ ০৫  
(পাঁচ) বছর পর্যন্ত এবং অন্যান্য ক্ষেত্রে সর্বোচ্চ ০৩ (তিন) বছর পর্যন্ত কার্যকর থাকবে। তবে যৌক্তিক  
কারণে বিরূপ মন্তব্য যথাসময়ে নিষ্পত্তি করা সম্ভব না হলে সেক্ষেত্রে বিরূপ মন্তব্য নিষ্পত্তির পর বহাল  
হলে তার মেয়াদ গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০ এর ৩.৪.৬ নং অনুচ্ছেদ অনুযায়ী  
ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষণ ও ব্যবস্থাপনার জন্য নির্ধারিত সময়ের শেষ তারিখ  
থেকে কার্যকর হবে”।

০২। ইহা অবিলম্বে কার্যকর হবে।

শেলিনা খানম  
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
ব্রেনজন চামুগং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১০০৫৯)

মূল্য : টাকা ৪.০০